



মুজতব
সরফুল

বিজ্ঞপ্তি নং- ২২০

এ,

০২ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ ১৬ মে ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে জরুরী জামিন সংক্রান্ত বিষয়সমূহ নিষ্পত্তি করার উদ্দেশ্যে
ছুটিকালীন আদালতের কার্যক্রম পরিচালনাকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধ এবং
পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে আগামী ৩০ মে, ২০২০ তারিখ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষণা করা হয়েছে।

২। উচ্চত পরিস্থিতিতে ছুটির সময়ে (সাংগৃহিক ছুটি ও বাংলাদেশ সরকার কর্তৃক ২০২০ খ্রিস্টাব্দের বর্ষপঞ্জিতে
ঘোষিত ছুটি ব্যতীত) বাংলাদেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ (অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যুগ্ম জেলা ও দায়রা
জজ ও সকল বিশেষ ট্রাইব্যুনালের মামলাসহ), মহানগর এলাকার মহানগর দায়রা জজ (অতিরিক্ত মহানগর দায়রা জজ, যুগ্ম
মহানগর দায়রা জজ ও সকল বিশেষ ট্রাইব্যুনালের মামলাসহ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক, বিশেষ
জজ, শিশু আদালতের বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক, জননিরাপত্তা
বিয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক, বিভাগীয় বিশেষ জজ, সাইবার ট্রাইব্যুনালের বিচারক, মানব পাচার অপরাধ
দমন ট্রাইব্যুনালের বিচারক, শ্রম আপীল আদালতের সদস্য, শ্রম আদালতের চেয়ারম্যান ও পরিবেশ আপীল আদালতের
বিচারক (পরিবেশ আদালতের মামলাসহ)-কে এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট নিজে ও তাঁর
নিয়ন্ত্রনাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা- “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০”(অধ্যাদেশ নং-০১,
২০২০) এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত “বিশেষ প্রাকটিস নির্দেশনা” অনুসরণ করতঃ শুধু জামিন সংক্রান্ত বিষয়সমূহ তথ্য-
প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে নিষ্পত্তি করার উদ্দেশ্যে আদালতের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান
করা হলো।

৩। এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের গত ১০ মে ২০২০ তারিখের ২১১ এ, এবং ১১ মে
২০২০ তারিখের ২১৬ এ, নং বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় পরিপূরক হবে।

৪। এ আদেশ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ২৭৭৬

এ,

০২ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ ১৬ মে ২০২০ খ্রিস্টাব্দ

কার্যর্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্ঞাতার্থের দ্রব্যানুসারে নথি):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. বিভাগীয় বিশেষ জজ/ বিশেষ জজ, (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, শ্রম আপীল আদালত.... (সকল)
৬. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/ জননিরাপত্তা বিয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল, (সকল)
৭. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল/ মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল/পরিবেশ আপীল আদালত,.....(সকল)
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ ম্যাট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৯. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১১. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)
১২. নেটিশ বোর্ড।

Abdulaziz
১৬.০৫.২০২০

(মোহাম্মদ আকতুরজ্জামান ভুঁইয়া)
তেগুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)